দৈনিক ইনকিলাব

তারিখ 06 OCT 1992

পৃষ্ঠা ... কলাম ...

40

# চারটি বোর্ডকে আঞ্চলিক বোর্ডে পরিণত করার সিদ্ধান্ত থেকে বিরত থাকার আহবান

*।। স্টাফ রিপোর্টার ।।*

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশনের এক জরুরী সভা গতকাল বিকেলে ফেডারেশনের সভাপতি জনাব গিয়াস উদ্দিন আহমদ-এর সভাপতিত্বে ফেডারেশনের কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তাগণ বলেন, ছাত্র সংখ্যা ও বিদ্যালয়-মহাবিদ্যালয়ের সংখ্যাধিক্যের কারণে যে মুহূর্তে নতুন নতুন বোর্ড প্রতিষ্ঠার দাবী উঠছে, ঠিক সে মুহূর্তে দেশের ৪টি বোর্ডকে আঞ্চলিক বোর্ডে পারিণত করলে প্রশাসনকে কেন্দ্রীভূত করার নামে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্যের সৃষ্টি হবে।

সভায় বক্তাগণ চারটি বোর্ডকে আঞ্চলিক বোর্ডে পরিণত করার সিদ্ধান্ত থেকে বিরত থাকার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানানো হয়।